

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ২৬১৩

আগরতলা, ১৪ অক্টোবর, ২০১৮

আমাদের দেশের সুপ্রাচীন সংস্কৃতিই হচ্ছে
দেশের ঐক্যের মূলবিন্দু : মুখ্যমন্ত্রী

আমাদের দেশের মধ্যে যে সুপ্রাচীন সংস্কৃতি রয়েছে সেটাই হচ্ছে দেশের ঐক্যের মূলবিন্দু। তা দুর্গাপূজা হোক, কালিপূজা হোক, ঈদ হোক কিংবা বড়দিন হোক। এই উৎসব ও সংস্কৃতিগুলিই ভারতবর্ষকে এক জায়গায় নিয়ে আসে। আজ আগরতলার উষাবাজারস্থিত ভারতরত্ন সংঘের পূজা মন্ডপের উদ্বোধন করে উপস্থিত সাংবাদিকদের একথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি বলেন, আমাদের দেশে রয়েছে নানা জাতি, নানা মত, নানা পরিধান। কিন্তু এই বিবিধের মধ্যে যে ঐক্য রয়েছে সেটাই ভারতবর্ষের মহান সংস্কৃতি। তিনি বলেন, দুর্গোৎসবে রাজ্যের জনগণ যেভাবে আনন্দে মাতোয়ারা হয়ে উঠেছেন তাতে আমিও অংশীদার হতে চাইছি। পাশাপাশি জনগণের সঙ্গে আনন্দ মূহূর্ত উপভোগ করারও সুযোগ পেয়েছি। মুখ্যমন্ত্রী বলেন, বর্হিরাজ্যের মৃৎশিল্পী ও মন্ডপ নির্মাণ শিল্পীদের পাশাপাশি আমাদের রাজ্যের মৃৎশিল্পী ও মন্ডপ নির্মাণ শিল্পীরাও রাজ্যের বিভিন্ন জায়গায় তাদের পারদর্শিতা দেখিয়েছেন। রাজ্যের এই শিল্পীদের যে পারদর্শিতা রয়েছে তা ব্যাপক আকারে প্রচারে নিয়ে আসার জন্য সংবাদ মাধ্যমের প্রতি আহ্বান রাখেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রীর মতে এতে শিল্পীরা উৎসাহিত হবেন এবং রাজ্যসহ বর্হিরাজ্যে গিয়েও তারা তাদের পারদর্শিতা দেখানোর সুযোগ পাবেন।

সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, আমাদের রাজ্যে পর্যটন শিল্পের উন্নতির প্রচুর সম্ভাবনা রয়েছে। এরজন্য পরিকাঠামো তৈরি করার পাশাপাশি রাজ্যের জনগণকে ও সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে। ‘অতিথি দেবঃ ভবঃ’ এই মানসিকতা নিয়ে সাধারণ মানুষ এগিয়ে এলে পর্যটন শিল্প নিশ্চিতভাবে উন্নতি লাভ করবে। পাশাপাশি পর্যটন শিল্পের উন্নয়নে রাজ্যের আইন-শৃঙ্খলাও স্বাভাবিক রাখতে হবে। তবেই পর্যটকরা আমাদের রাজ্যের দর্শনীয় স্থানগুলি দর্শন করার জন্য ছুটে আসবেন। রাজ্য সরকার সেই দিশাতেই কাজ করছে বলে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান।

অনুষ্ঠানের শুরুতে ভারতরত্ন সংঘের শারদ সংকলন ‘ছিনাই’-এর আনুষ্ঠানিক প্রকাশ করেন মুখ্যমন্ত্রী শ্রীদেব। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক ডা. দিলীপ কুমার দাস, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায় ও সমাজসেবী প্রতিমা ভৌমিক।
